গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২-ডিসেম্বর ২০২২ পর্যন্ত) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	০১ ডিসেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১০:০০ টা
স্থান	সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা) কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ২য় কোয়ার্টারের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রম. নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)কর্ম-পরিকল্পনার ১মকোর্য়াটারের (জুলাই২০২২-সেপ্টেম্বর২০২২) বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংগ্রহ করে প্রতিবেদন প্রস্তুতপূর্বকযথাসময়ের মধ্যে এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণকসহ প্রেরণ করতে হবে ।	গত ১০ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	১০০%
২.	শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত এ বিভাগের কর্মকর্তা কর্তৃক মনিটরিং এর জন্য অফিস আদেশ জারী করতে হবে।	অফিস আদেশ জারী করা হয়েছে।	১০০%
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান প্রাপ্ত প্রকল্পের উদ্ভাবনী কার্যক্রম এ বিভাগের কর্মকর্তাদেরপরিবীক্ষণএর নিমিত্ত অফিস আদেশ জারী করতে হবে।	আদেশ জারী করা হয়েছে।	১০০%
৪.	শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে অনলাইনে মনিটরিং কার্যক্রম পরিচালনা নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নিকট হতে একটি প্রতিবেদন চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পত্র প্রেরণ করা হয়েছে।	১০০%
৫.	যথাসময়ে এডিপি ট্রেকার প্রস্তুতকরণের নিমিত্ত সংশ্লিষ্ট শাখা কর্তৃক মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।	মনিটরিং করা হয়েছে।	১০০%

৬.	২০২২-২৩অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনাঅনুযায়ী কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ এ শাখায় প্রেরণ করতে হবে	প্রমাণকসহ এ শাখায় প্রেরণ করা হয়েছে।	১০০%
৭.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারিগণকে বিদ্যুৎ ও জ্বালানী তেল সাশ্রয়ী হওয়ার নিমিত্ত একটি পত্র প্রেরণ করা হবে।	পত্র প্রেরণ করা হয়েছে।	১০০%

(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২ থেকে এ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রমিক নং	কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচকের নাম	একক	২য়কোয়ার্টারে লক্ষ্যমাত্রা	২য়কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী দায়িত্বপ্রাপ্ত শাখা/ব্যক্তি/পদ
১.	১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভা আয়োজিত	সংখ্যা	১টি	১/১২/২০২২ তারিখে ১টি সভা আয়োজন করা হয়েছে।	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা
২.	১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	%	১০০%	১০০%	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা
৩.	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	নাই	-	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা
৪.	১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৪০ জন	গত ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা
৫.	১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	উন্নত কর্ম-পরিবেশ	সংখ্যা ও তারিখ	০১টি ২৯/১২/২০২২	কার্যক্রম চলমান রয়েছে।	উপসচিব লজিস্টিক সেবা শাখা-০১
৬.	১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	ফিডব্যাক সভা/ কর্মশালা অনুষ্ঠিত	তারিখ	৩১/১০/২০২২	গত ০৭/১০/২০২২ খ্রি. তারিখে আয়োজন করা হয়েছে।	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা
৭.	২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	নাই	-	উপসচিব লজিস্টিক সেবা শাখা-০২ (রাজস্ব) উপসচিব পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা-০২ (উন্নয়ন)

৮.	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট)	ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত	%	২০%	১৮.৬০%	উপসচিব লজিস্টিক সেবা শাখা-০২ (রাজস্ব) উপসচিব পরিবীক্ষণ ও মূল্যায়ণ শাখা-০২ (উন্নয়ন)
৯.	২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত	%	০৫%	১৯.১১%	উপসচিব সমন্বয় শাখা
১০.	২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সভা আয়োজিত	সংখ্যা	PSC-১৩টি PIC-০২টি	PSC-০৮টি PIC-০২টি	উপসচিব পরিকল্পনা অধিশাখা
১১.	২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত	তারিখ	নাই	-	০১. উপসচিব (পরিকল্পনা অধিশাখা) ০২.উপসচিব (লজিস্টিক সেবা-০১, লজিস্টিক সেবা-০২)
১২.	৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ		তারিখ	নাই	-	উপসচিব লজিস্টিক সেবা শাখা-০১
১৩.	৩.২শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ	মনিটরিংকৃত	সংখ্যা	১৫টি	০৩টি	উপসচিব সংস্থা-০১ শাখা
১৪.	৩.৩ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান প্রাপ্ত প্রকল্পের উদ্ভাবনী কার্যক্রম পরিবীক্ষণ	পরিবীক্ষণকৃত	সংখ্যা	০৫টি	বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।	উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা
১৫.	৩.৪ এডিপি ট্রেকার প্রস্তুতকরণ	প্রস্তুতকৃত	তারিখ	নাই	-	পরিকল্পনা অধিশাখা

(গ) সভার সিদ্ধান্ত: ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)-এর নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত সফট্ওয়্যার ব্যবহার করে ছুটি গ্রহণ করার নিমিত্ত এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে হবে।	কর্মসম্পাদন ও কৌশল শাখা
২.	এডিপি ট্রেকার ব্যবহার সংক্রান্ত একটি সেমিনার আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
৩.	আইসিটি টাওয়ারে বিভিন্ন সভা/সেমিনার/প্রশিক্ষণে আগত স্টেকহোল্ডারগণদেরকে সুষ্ঠু ও শৃঙ্খলাপূর্ণভাবে অংশগ্রহণ করার ব্যবস্থা করা হয় কিনা সে বিষয়ে মনিটরিং করতে হবে।	এ বিভাগ ও আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা/প্রকল্প/অনুবিভাগ/অধিশাখা/ শাখা
৪.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ডিসেম্বর/২০২২ এর মধ্যে আপডেট করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এ বিভাগ ও আওতাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার বাস্তবায়নকারী কর্মকর্তা
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২য় কোর্য়াটারের (অক্টোবর ২০২২-ডিসেম্বর২০২২) বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংগ্রহ করে অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ের মধ্যেএ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রমাণকসহ প্রেরণ করতে হবে।	কর্মসম্পাদন ও কৌশল শাখা

৬.	আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২-ডিসেম্বর২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ের মধ্যে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রমাণকসহ প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
৭.	শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল শাখা হতে কমপক্ষে ১৫টি মনিটরিং প্রতিবেদন আগামী ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে এ শাখায় জমা দিতে হবে।	এ বিভাগের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ কর্মকর্তা
৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে উদ্ভাবনী ও বিশেষ অনুদান প্রাপ্ত প্রকল্পের উদ্ভাবনী কার্যক্রম পরিবীক্ষণ করে কমপক্ষে ০৫টি পরিবীক্ষণ প্রতিবেদন আগামী ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে এ শাখায় জমা দিতে হবে।	এ বিভাগের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ কর্মকর্তা

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০১.২১.১২৬

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৭) সিনিয়র মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সিকিউরিটি ও অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৮) সিস্টেম এনালিস্ট , ডিজিটাল কো-অর্ডিনেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১০) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ডিজিটাল কো-অপারেশন শাখা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]
১১) সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

এস. এম. শফিক

উপসচিব